# এক কথায় প্রকাশ

অক্ষির সমীপে = সমক্ষ
অক্ষির অভিমুখে = প্রত্যক্ষ
অক্ষির অগোচরে = পরোক্ষ
চক্ষুর সম্মুখে সংঘটিত = চাক্ষুস
অক্ষি পত্রের (চোখের পাতা) লোম = অক্ষিপক্ষ্ম
চোখের কোণ = অপাঙ্গ
অক্ষিতে কাম যার (যে নারীর) = কামাক্ষী
পদ্মের ন্যায় অক্ষি বা চোখ = পুণ্ডরীকাক্ষ
পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব = রজত জয়ন্তী
পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব = সুবর্ণ জয়ন্তী
ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব = হীরক জয়ন্তী
একশত পঞ্চাশ বছর = সার্ধশতবর্ষ
প্রতি সপ্তাহে তিন দিন = বারত্রয়িক
সৃষ্টি করার ইচ্ছা = সিসৃক্ষা
যে রূপ ইচ্ছা = যদৃচ্ছা
দেখবার ইচ্ছা = দিদৃক্ষা
জানবার ইচ্ছা = জিজ্ঞাসা
হনন করার ইচ্ছা = জিঘংসা
সেবা করার ইচ্ছা = শুশ্রূষা
ভোজন করার ইচ্ছা = বুভুক্ষা
লাভ করার ইচ্ছা = লিপ্সা
প্রবেশ করার ইচ্ছা = বিবক্ষা
পান করার ইচ্ছা = পিপাসা
নিন্দা করার ইচ্ছা = জুগুপ্সা
রমণের ইচ্ছা = রিরংসা
করার ইচ্ছা = চিকীর্ষা
প্রতিকার করার ইচ্ছা = প্রতিচিকীর্ষা
অনুকরণ করার ইচ্ছা = অনুচিকীর্ষা
অপকার করার ইচ্ছা = অপচিকীর্ষা
অনুসন্ধান করার ইচ্ছা = অনুসন্ধিৎসা
জয় করার ইচ্ছা = জিগীষা
বিজয় লাভের ইচ্ছা = বিজিগীষা
গমন করার ইচ্ছ = জিগমিষা
উদক (জল) পানের ইচ্ছা = উদন্যা
ক্ষমা করার ইচ্ছা = চিক্ষমিষা
বেঁচে থাকার ইচ্ছা = জিজীবিষা
ত্রাণ লাভ করার ইচ্ছা = তিতীর্ষা
দান করার ইচ্ছা = দিৎসা
রোদন করতে ইচ্ছা = রুরুদিষা
নির্মাণ করার ইচ্ছা = নির্মিৎসা
প্রিয় কাজ করার ইচ্ছ = প্রিয়চিকীর্ষা
প্রতিবিধান করার ইচ্ছা = প্রতিবিধিৎসা
বাস করার ইচ্ছা = বিবৎসা
মুক্তি পেতে ইচ্ছা = মুমুক্ষা
হিত করার ইচ্ছা = হিতৈষা
ময়ূরের ডাক = কেকা
কোকিলের ডাক = কুহু
সিংহের নাদ (ডাক) = হুঙ্কার
রাজহাঁস (পক্ষীর) কর্কশ ডাক = ক্রেঙ্কার
হাতির ডাক = বৃংহণ বা বৃংহিত
কুকুরের ডাক = বুক্কন
অশ্বের ডাক = হ্রেষা
পেঁচা বা উলূকের ডাক = ঘূৎকার
মোরগের ডাক = শকুনিবাদ
আনন্দজনক ধ্বনি = নন্দিঘোষ
আনন্দের আতিশয্যে সৃষ্ট কোলাহল = হর্‌রা
গম্ভীর ধ্বনি = মন্দ্র
অলঙ্কারের ধ্বনি = শিঞ্জন
ঝন্‌ঝন শব্দ = ঝনৎকার
বিহঙ্গের ধ্বনি = কাকলি
বাদ্যযন্ত্রের ধ্বনি = ঝংকার
নূপুরের ধ্বনি = নিক্বণ
ধনুকের ধ্বনি = টঙ্কার
শুকনো পাতার শব্দ = মর্মর
ভ্রমরের শব্দ = গুঞ্জন
সমুদ্রের ঢেউ = ঊর্মি
সমুদ্রের ঢেউয়ের শব্দ = কল্লোল
বীরের গর্জন = হুঙ্কার
বাঘের চর্ম = কৃত্তি
হরিণের চর্ম = অজিন
হরিণের চর্মের আসন = অজিনাসন
হাতির শাবক (বাচ্চা) = করভ
ব্যাঙের ছানা = ব্যাঙাচি
সাপের খোলস = নির্মোক বা কঞ্চুক
ভুজের সাহায্যে (এঁকে বেঁকে) চলে যে = ভুজগ/ভুজঙ্গ(সর্প)
পা দিয়ে যে চলে না = পন্নগ (সর্প)
উরস (বক্ষ) দিয়ে হাঁটে যে = উরগ (সর্প)
লাফিয়ে চলে যে = প্লবগ (ব্যাঙ/বানার)
ত্বরিত গমন করতে পারে যে = তুরগ (ঘোড়া)
বিহায়সে (আকাশ) বিচরণ করে যে = বিহগ/বিহঙ্গ
পরকে (কোকিল শাবক) পালন করে যে = পরভৃৎ (কাক)
পরের (কাকের) দ্বারা প্রতিপালিত যে = পরভৃত (কোকিল)
যে নারী অতি উজ্জ্বল ও ফর্সা = মহাশ্বেতা
যে নারী আনন্দ দান করে = বিনোদিনী
যে নারী কলহপ্রিয় = খাণ্ডানী
যে নারী (বিবাহিত বা অবিবাহিত) চিরকাল পিতৃগৃহবাসিনী - চিরণ্টী
যে নারীর সহবাসে মৃত্যু হয় = বিষকন্যকা
যে নারী বীর = বীরাঙ্গনা
যে নারী বার (সমূহ) গামিনী = বারাঙ্গনা
যে নারী শিশুসন্তানসহ বিধবা = বালপুত্রিকা
যে নারী অঘটন ঘটাতে পারদর্শী = অঘটনঘটনপটীয়সী
যে নারী সূর্যকে দেখে না (অন্তঃপুরে থাকে) = অসূর্যম্পশ্যা
যে নারী একবার সন্তান প্রসব করেছে = কাকবন্ধ্যা
যে নারী পূর্বে অন্যের স্ত্রী ছিল = অন্যপূর্বা
যে নারী চিত্রে অর্পিতা বা নিবদ্ধা = চিত্রার্পিতা
যে নারী (বা গাভী) দুগ্ধবতী = পয়স্বিনী
যে নারী প্রিয় বাক্য বলে = প্রিয়ংবদা
যে নারী স্বয়ং পতি বরণ করে = স্বয়ংবরা
যে নারী বীর সন্তান প্রসব করে = বীরপ্রসূ
যে নারী দেহ সৌষ্ঠব সম্পন্না = অঙ্গনা
যে নারী সুন্দরী = রামা
যে নারী সাগরে বিচরণ করে = সাগরিকা
যে নারী অপরের দ্বারা প্রতিপালিতা = পরভৃতা বা পরভৃতিকা
যে নারীর স্বামী ও পুত্র জীবিত = বীরা বা পুরন্ধ্রী
যে নারীর স্বামী ও পুত্র মৃত = অবীরা
যে নারীর (মেয়ের) বিয়ে হয় নি = কুমারী
যে নারীর বিয়ে হয়েছে = ঊঢ়া
যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে = নবোঢ়া
যে নারীর বিয়ে হয় না = অনূঢ়া (আইবুড়ো অর্থে)
যে নারীর নখ শূর্পের (কুলা) মত = শূর্পণখা

EDUCATUM ACADEMY
LIVE — LEARN — SUCCEED

যে নারীর অসূয়া (হিংসা) নেই = অনসূয়া
যে নারীর দুটি মাত্র পুত্র = দ্বিপুত্রিকা
যে নারীর স্বামী (ভর্তা) বিদেশে থাকে = প্রোষিতভর্তৃকা
যে নারীর পঞ্চ স্বমী = পঞ্চভর্তৃকা
যে নারীর সতীন/শত্রু নেই = নিঃসপ্ত
যে নারীর সন্তান হয় না = বন্ধ্যা
যে নারীর সন্তান  বাঁটে না = মৃতবৎসা
যে নারীর স্বামী দ্বিতীয় বিয়ে করেছে = অধিবিন্না
যে নারীর হাসি সুন্দর = সুস্মিতা
যে নারীর হাসি কুটিলতাবর্জিত = শুচিস্মিতা
যে মেয়ের বয়স দশ বৎসর = কন্যকা
কুমারীর পুত্র = কানীন
নারীর লীলাময়ী নৃত্য = লাস্য
উত্তম বস্ত্রালঙ্কারে সুসজ্জিত নটীগণের নৃত্য = যৌবত
অবিবাহিতা জ্যেষ্ঠা থাকার পরও যে কনিষ্ঠার বিয়ে হয় = অগ্রেদিধিষু
পুরুষের উদ্দাম নৃত্য = তাণ্ডব
যে (পুরুষ) দ্বার পরিগ্রহ করে নি = অকৃতদার
যে (পুরুষ) দ্বার পরিগ্রহ করেছে = কৃতদার
যে (পুরুষ) প্রথম স্ত্রী জীবিত থাকতে দ্বিতীয় দার পরিগ্রহ করেছে = অধিবেত্তা
(যে পুরুষ) পত্নী সহ বর্তমান = সপত্নীক
(যে পুরুষ) স্ত্রীর বশীভূত = স্ত্রৈণ
যে পুরুষের স্ত্রী বিদেশে থাকে = প্রোষিতপত্নীক বা প্রোষিতভার্য
যে পুত্রের মাতা কুমারী = কানীন
যে বৃক্ষের ফল হয় কিন্তু ফুল হয় না = বনস্পতি
যে গাভি প্রসবও করে না, দুধও দেয় না = গোবশা
যে মেঘে প্রচুর বৃষ্টি হয় = সংবর্ত
দিনের পূর্ব ভাগ = পূর্বাহ্ণ
দিনের মধ্য বাগ = মধ্যাহ্ন
দিনের অপর ভাগ = অপরাহ্ণ
দিনের সায় (অবসান) ভাগ = সায়াহ্ন
প্রায় প্রভাত হয়েছে এমন - প্রভাতকল্পা
রাত্রির প্রথম ভাগ = পূর্বরাত্র
রাত্রির মধ্যভাগ = মহানিশা
রাত্রির শেষভাগ = পররাত্র
রাত্রির তিনভাগ একত্রে = ত্রিযামা
রাত্রিকালীন যুদ্ধ = সৌপ্তিক
যার ঈহা (চেষ্টা) নেই = নিরীহ
যার বেশবাস সংবৃত নয় = অসংবৃত
যার অন্য কোনো উপায় নেই = অনন্যোপায়
যার দাঁড়ি গোঁফ উঠে নি = অজাতশ্মশ্রু
যার পুত্র নেই = অপুত্রক
যার দুটি মাত্র দাঁত = দ্বিরদ (হাতি)
যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি
যার বরাহের (শূকর) মতো খুর = বরাখুরে
যার সব কিছু হারিয়েছে = হৃতসর্বস্ব
যার দুবার জন্ম হয় = দ্বিজ
যার দুহাত সমান চলে = সব্যসাচী
যার শুভ ক্ষণে জন্ম = ক্ষণজন্মা
যার পূর্বজন্মের কথা স্মরণ আছে = জাতিস্মর
যার দুই দিক বা চার দিকে জল = দ্বীপ
যার চারদিকে স্থল =হ্রদ
যার বংশ পরিচয় বা স্বভাব কেউই জানে না = অজ্ঞাতকুলশীল
যার কোনো তিথি নেই = অতিথি
যার অর্থ নেই = অর্থহীন

যিনি অতিশয় হিসাবি = পাটোয়ারি
যিনি বক্তৃতা দানে পটু = বাগ্মী
যাকে আদর করা হচ্ছে = আদ্রিয়মাণ
যাকে পীড়া দেয়া হয়েছে = পীড্যমান
অন্যের অপেক্ষা করতে হয় না যাকে = অনপেক্ষ
দমন করা যায় না যাকে = অদম্য
দমন করা কষ্টকর যাকে = দুর্দমনীয়
দেখে চোখের আশা মেটে না যাকে = অতৃপ্তদৃশ্য
যে পরের গুণেও দোষ ধরে = অসূয়ক
যে অগ্র-পশ্চাৎ চিন্তা না-করে কাজ করে = অবিমৃশ্যকারী
যে সমাজের (বর্ণের) অন্তদেশে জন্মে = অন্ত্যজ
যে-শিশু আটমাসে জন্মগ্রহণ করেছে = আটাসে
যে আপনাকে হত্যা করে = আত্মঘাতী
যে সুপথ থেকে কুপথে যায় = উন্মার্গগামী
যে আকৃষ্ট হচ্ছে = কৃষ্যমাণ
যে অপরের লেখা চুরি করে নিজনামে চালায় = কুম্ভীলক
যে দিন তিন তিথির মিলন ঘটে = ত্র্যহস্পর্শ
যে তির নিক্ষেপে পটু = তিরন্দাজ
যে আপনাকে পণ্ডিত মনে করে = পণ্ডিতম্মন্য
যে আপনাকে কৃতার্থ মনে করে = কৃতার্থম্মন্য
যে অন্য দিকে মন দেয় না = অনন্যমনা
যে বিদ্যা লাভ করেছে = কৃতবিদ্য
যে গমন করে না = নগ (পাহাড়)
যে সন্তান পিতার মৃত্যুর পর জন্মে = মরণোত্তরজাতক
যে রোগ নির্ণয় করতে হাতড়িয়ে ক্লান্ত = হাতুড়ে
যে ক্রমাগত রোদন করছে = রোরুদ্যমান
যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ = শ্বাপদসংকুল
যে রব শুনে এসেছে = রবাহুত
যে সর্বত্র গমন করে = সর্বগ
যে গৃহের বাইরে রাত্রিযাপন করতে ভালোবাসে = বারমুখো
যে জমিতে ফসল জন্মায় না = উষর
যে জমিতে দুবার ফসল হয় = দো-ফসলি
যেখানে মৃতজন্তু ফেলা হয় = ভাগাড়/উপশল্য
যে আলো রঙ্গমঞ্চে অভিনেতার পায়ের কাছে স্থাপন করা হয় = পাদপ্রদীপ
যে আলোতে কুমুদ ফোটে = কৌমুদী (জ্যোৎস্না)
যে বিষয়ে কোনো বিতর্ক নেই = অবিসংবাদী
যে গাঁজায় নেশা করে = গেঁজেল
যা অতিক্রম করা যায় না = অনতিক্রম্য
যা অস্ত যাচ্ছে = অস্তায়মান
যা বচন/বাক্যে প্রকাশযোগ্য নয়/ = অনির্বচনীয়
যা পূর্বে দেখা যায় নি = অদৃষ্টপূর্ব
যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব
যা পূর্বে কখনো হয় নি = অভূতপূর্ব
যা অপনয়ন (দূর) করা যায় না = অনপনেয়
যা অপনয়ন (দূর) করা কষ্টকর = দূরপনেয়
যা পূর্বে শোনা যায় নি = অশ্রুতপূর্ব
যা পূর্বে চিন্তা করা যায় নি = অচিন্তিতপূর্ব
যা প্রতিরোধ করা যায় না = অপ্রতিরোধ্য
যা উচ্চারণ করা যায় না = অনুচ্চার্য
যা উচ্চারণ  করা কঠিন = দুরুচ্চার্য
যা অনুভব করা হচ্ছে = অনুভূয়মান
যা আগুনে পোড়ে না = অগ্নিসহ
যা ক্রমশ দূরে সরে যাচ্ছে = অপসৃয়মাণ
যা বহন করা হচ্ছে = নীয়মান
যা বলা হচ্ছে = বক্ষ্যমাণ

EDUCATUM ACADEMY
LIVE — LEARN — SUCCEED

যা উপলব্ধি করা যাচ্ছে = উপলভ্যমান
যা ক্রয় করার যোগ্য = ক্রেয়
যা বিক্রয় করার যোগ্য = বিক্রেয়
যা জল দেয় = জলদ (মেঘ)
যা ক্রমশ বর্ধিত হচ্ছে = বর্ধিষ্ণু
যা ক্রমশ ক্ষয়প্রাপ্ত হচ্ছে = ক্ষীয়মাণ
যা ক্রমশ বিস্তীর্ণ হচ্ছে = ক্রমবিস্তার্যমান
যা চুষে খাবার যোগ্য = চোষ্য
যা চিবিয়ে খাবার যোগ্য = চর্ব্য
যা চেটে খাবার যোগ্য = লেহ্য
যা পান করার যোগ্য = পেয়
যা মুছে ফেলা যায় না = দুর্মোচ্য
যা সহজে জানা যায় না = দুর্জ্ঞেয়
যা পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে = দেদীপ্যমান
যা পুনঃ পুনঃ দুলছে = দোদুল্যমান
যা শল্য-ব্যথা দূরীকৃত করে = বিশল্যকরণী
যা প্রমাণ করা যায় না = অপ্রমেয়
যা মাটি ভেদ করে ওঠে = উদ্ভিদ
যা আঘাত পায় নি = অনাহত
যা আহুত (ডাকা) হয় নি = অনাহুত
যা দীপ্তি পাচ্ছে = দেদীপ্যমান
যা কষ্টে জয় করা যায় = দুর্জয়
যা কষ্টে লাভ করা যায় = দুর্লভ
যা বলা হয় নি = অনুক্ত
যা বলার যোগ্য নয় = অকথ্য
যা প্রকাশ করা হয় নি = অব্যক্ত
যা অতি দীর্ঘ নয় = নাতিদীর্ঘ
যা কোথাও উঁচু কোথাও নিচু = বন্ধুর
যা খুব শীতল বা উষ্ণ নয় = নাতিশীতোষ্ণ
যা ধারণ বা পোষণ করে = ধর্ম
যা নিজের দ্বারা অর্জিত = স্বোপার্জিত
অকর্মণ্য গবাদি পশু রাখার স্থান = পিঁজরাপোল
অকালে উৎপন্ন কুমড়া = অকালকুষ্মাণ্ড
অগ্রহায়ণ মাসে সন্ধ্যাকালীন ব্রত (কুমারীদের) = সেঁজুতি
অতিশয় ঘটা বা জাঁকজমক = বহ্বাড়ম্বর
অধর প্রান্তের হাসি = বক্রোষ্ঠিকা
অনশনে মৃত্যু = প্রায়
অভ্রান্ত জ্ঞান = প্রমা
অন্যের মনোরঞ্জনের জন্য অসত্য ভাষণ = উপচার
আশীর্বাদ ও অভয়দানসূচক হাতের মুদ্রা = বরাভয়
আশ্বিনমাসের পূর্ণিমা তিথি = কোজাগর
ইতস্তত গমনশীল বা সঞ্চরণশীল = বিসর্পী
উচ্চস্থানে অবস্থিত ক্ষুদ্র কুটির = টঙ্গি
ঋণ শোধের জন্য যে ঋণ করা হয় = ঋণার্ণ
এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা = অধ্যাস
ঐতিহাসিককালেরও আগের = প্রাগৈতিহাসিক
কথার মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রসঙ্গ বা প্রবচনাদি প্রয়োগ = বুকনি
কাচের তৈরি বাড়ি = শিশমহল
প্রাণ ওষ্ঠাগত হবার মতো অবস্থা = লবেজান
বন্দুক বা তির ছোঁড়ার অনুশীলনের জন্য স্থাপিত লক্ষ্য = চাঁদমারি
হস্ত, অশ্ব, রথ, পদাতিকের সমাহার = চতুরঙ্গ
সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত = সাবন
সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী দুই দণ্ডকাল = ব্রাহ্মমুহূর্ত
পুণ্যকর্ম সম্পাদনের জন্য শুভ দিন = পুণ্যাহ
আকাশ ও পৃথিবী বা স্বর্গ ও মর্ত্য = ক্রন্দসী
আকাশ ও পৃথিবীর অন্তরাল = রোদসী
ভুলহীন ঋষি বাক্য = আপ্তবাক্য
রোদে শুকোনো আম = আমশি
নীল বর্ণ পদ্ম = ইন্দিবর
রক্ত বর্ণ পদ্ম = কোকনদ
শ্বেত বর্ণ পদ্ম = পুণ্ডরীক
পদ্মের ডাঁটা বা নাল = মৃণাল
পদ্মের ঝাড় বা মৃণালসমূহ = মৃণালিনী
ইন্দ্রের অশ্ব = উচ্চৈঃশ্রবা
ক্ষমার যোগ্য = ক্ষমার্হ
প্রশংসার যোগ্য = প্রশংসার্হ
স্মরণের যোগ্য = স্মরণার্হ
ধন্যবাদের যোগ্য = ধন্যবাদার্হ
ঈষৎ উষ্ণ = কবোষ্ণ
গুরুর বাসগৃহ = গুরুকুল
ঘ্রাণের যোগ্য = ঘ্রেয়
গদ্যপদ্যময় কাব্য = চম্পূ
সদ্য দোহনকৃত উষ্ণ দুধ = ধারোষ্ণ
পূর্ব ও পরের অবস্থা = পৌর্বাপর্য
পুরুষের কর্ণভূষণ = বীরবৌলি
নারীর কটিভূষণ = রশনা
নারীর কোমরবেষ্টনিভূষণ = মেখলা
পুরুষের কটিবন্ধ = সরাসন
গ্রহণের জন্য উপুড় হামাগুড়ি প্রদান = হুমড়ি
রাহ্ বা রাস্তায় ডাকাতি = রাহাজানি
তৃণাচ্ছাদিত ভূমি = শাদ্বল
মাসের শেষ দিন = সংক্রান্তি
সৈনিকদলের বিশ্রাম শিবির = স্কন্দাবার
ফুল হতে জাত = ফুলেল
নিতান্ত দগ্ধ হয় যে সময়ে (গ্রীষ্মকাল) = নিদাঘ
অজ (ছাগল)কে গ্রাস করে যা = অজগর
অভ্র (মেঘ) লেহন/স্পর্শ করে যা = অভ্রংলিহ
অকালেপক্ব হয়েছে যে = অকালপক্ব
অহংকার নেই যার = নিরহংকার
অনুতে (পা পশ্চাতে) জন্মেছে যে = অনুজ
অভিজ্ঞতার অভাব আছে যার = অনভিজ্ঞ
অন্য গতি নাই যার = অগত্যা
অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার = চতুরঙ্গ
গবাদি পশুর চর্বিত চর্বণ বা রোমন্থন = জাবর
অষ্টপ্রহর (সারা দিন) ব্যবহার্য যা = আটপৌরে
অন্তরে জল আছে এমন যে (নদী) = অন্তঃসলিলা
অন্তরে যা ঈক্ষণ (দেখার) যোগ্য = অন্তরিক্ষ
আভিজাত্যপূর্ণ মনে হলেও আসলে অর্থহীন ও বিভ্রান্তিকর = হিংটিংছট্
আচারে নিষ্ঠা আছে যার = আচারনিষ্ঠ
আপনাকে কেন্দ্র করে চিন্তা = আত্মকেন্দ্রিক
আদি থেকে অন্ত পর্যন্ত = আদ্যোপান্ত
দুয়ের মধ্যে একটি = অন্যতর
দ্বারে থাকে যে = দৌবারিক
চুরি করার ভীষণ বাতিক = চৌর্যোন্মাদ
মান্যব্যক্তিকে অভ্যর্থনার জন্য কিছুদূর এদিয়ে যাওয়া = প্রত্যুৎগমন
মান্যব্যক্তি বিদায়কালে কিছুদূর এগিয়ে দেওয়া = অনুব্রজন
মাটিতে গড়াগড়ি দিচ্ছে এমন = উপাবৃত্ত
মৃত্তিকার দ্বারা নির্মিত = মৃন্ময়
ইন্দ্রকে জয় করেন যিনি = ইন্দ্রজিৎ
ইন্দ্রিয়কে জয় করেন যিনি = জিতেন্দ্রিয়

EDUCATUM ACADEMY
LIVE — LEARN — SUCCEED

ইতিহাস রচনা করেন যিনি = ঐতিহাসিক
ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা
স্বার্থের জন্য অন্যায় অর্থ প্রদান (ঘুষ) = উপদা
উপদেশ ছাড়া লব্ধ প্রথম জ্ঞান = উপজ্ঞা
উপকরীর উপকার স্বীকার করে যে = কৃতজ্ঞ
উপকরীর উপকার স্বীকার করেনা যে = অকৃতজ্ঞ
উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন
কি করতে হবে তা বুঝতে না পারা = কিংকর্তব্যবিমূঢ়
কোনো কিছু থেকেই যার ভয় নেই = অকুতোভয়
কর্ম সম্পাদনে পরিশ্রমী = কর্মঠ
কোনো ভাবেই যা নিবারণ করা যায় না = অনিবার্য
কাজে যার অভিজ্ঞতা আছে = করিতকর্মা
গরুর খুরে চিহ্নিত স্থান = গোষ্পদ
ঘরের অভাব = হা-ঘর
চৈত্র মাসে উৎপন্ন ফসল = চৈতালি
পৌষ মাসে উৎপন্ন ফসল = পৌষালি
হেমন্তকালে উৎপন্ন ফসল = হৈমন্তিক
জ্বলছে যে অর্চি (শিখা) = জ্বলদর্চি
পত্নী বর্তমান থাকা সত্ত্বেও পুনর্বিবাহ = অধিবেদন
পত্নীর সাথে বর্তমান = সপত্নীক
পঙ্‌ক্তিতে বসার অনুপযুক্ত = অপাঙ্‌ক্তেয়
পা ধোয়ার জল = পাদ্য
পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক
স্বপ্নে (ঘুমে) শিশুর স্বগত হাসি-কান্না = দেয়ালা
মাছিও প্রবেশ করে না যেখানে = নির্মক্ষিক
বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে = পরিবেদন
শোনামাত্র যার মনে থাকে = শ্রুতিধর
স্বামীর চিতায় পুড়ে মরা = সহমরণ
স্বাদ গ্রহণ করা হয়েছে এমন = স্বাদিত
ধর্মীয় কাজ করার জন্য তীর্থভ্রমণ = প্রব্রজ্যা
ধর্মপুরুষ বা সন্ন্যাসীর পর্যটন = পরিব্রাজন
যুদ্ধ থেকে যে বীর পালায় না = সংশপ্তক
জয়ের জন্য যে উৎসব = জয়ন্তী
ফল পাকলে যে গাছ মরে যায় = ওষধি
যে সব গাছ থেকে ঔষধ প্রস্তুত হয় = ঔষধি
ফেলে দেবার যোগ্য = ফেল্‌না
ছেঁকে পরিষকার বা শোধন করা হয়েছে = পরিস্রুত
বহু গৃহ থেকে ভিক্ষা সংগ্রহ করা = মাধুকরী/মধুকরী
বেশি কথা বলে যে = বাচাল
বহুর মধ্যে একটি = অন্যতম
এক থেকে শুরু করে = একাদিক্রমে
তল স্পর্শ করা যায় না যার = অতলস্পর্শী
ছোটদের লেখার তালপাতার গুচ্ছ বা তাড়া = পাততাড়ি
নষ্ট হওয়া স্বভাব যার = নশ্বর
মায়া (ছল) জানে না যে = অমায়িক
ঋতুতে ঋতুতে যজ্ঞ করেন যিনি = উন্নাসিক
জলে ও স্থলে চরে যে = উভচর
অন্ন-ব্যঞ্জন ছাড়া অন্য আহার্য = জলপান
জলপানের জন্য দেয় অর্থ = জলপানি (বৃত্তি)
জ্বল্ জ্বল্ করছে যা = জাজ্বল্যমান
জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত
বাতাসে (ক-তে) চরে যে = কপোত
আকাশে (খ-তে) চরে যে = খেচর/খচর
আকাশে (খ-তে) ওড়ে যে বাজি = খ-ধূপ
ঠেঙিয়ে ডাকাতি করে যারা = ঠ্যাঙারে

ধুর (তীক্ষ্ণ বুদ্ধি) ধারণ করে যে = ধুরন্ধর
ন্যায় শাস্ত্র জানেন যিনি = নৈয়ায়িক
শত্রুকে জয় করেন যিনি = পরঞ্জয় বা শত্রুজিৎ
শত্রুকে হত্যা করেন যিনি = শত্রুঘ্ন
সকলের মধ্যে প্রবীণ বা জ্যেষ্ঠ = সার্বজনীন
সকলের জন্য হিতকর বা মঙ্গলজনক = সর্বজনীন
সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত = আসমুদ্রহিমাচল
সূর্য হতে কোনো গ্রহকক্ষের সর্বদূরবর্তী বিন্দ = অপসূর
স্বমত অন্যের উপর চাপিয়ে দেয় যে = স্বৈরাচারী
সরোবরে জন্মে যা = সরোজ
সৃষ্টি কর্তার অস্তিত্বে বিশ্বাস নাই যার = নাস্তিক
সব কিছু সহ্য করেন যিনি = সর্বংসহা
যুদ্ধে স্থির থাকেন যিনি = যুধিষ্ঠির
অরিকে দমন করে যে = অরিন্দম
বিশেষ খ্যাতি আছে যার = বিখ্যাত
আয়ুর পক্ষে হিতকর = আয়ুষ্য
স্তন্য পান করে যে = স্তন্যপায়ী
সর্বত্র গমন করেন যিনি = সর্বগ
ঈষৎ আমিষ গন্ধ যার = আঁষটে
ইন্দ্রজাল (জাদু) বিদ্যায় পারদর্শী = ঐন্দ্রজালিক
মিলনের ইচ্ছায় নায়ক বা নায়িকার সঙ্কেত স্থানে গমন = অভিসার
সূর্যের ভ্রমণপথের অংশ বা পরিমাণ = অয়নাংশ
রেশম দিয়ে নির্মিত = রেশমি
লবণ কম দেওয়া হয়েছে এমন = আলুনি
হাতির পিঠে আরোহী বসার স্থান = হাওদা
হিত ইচ্ছা করে যে = হিতৈষী
হরেক রকম বলে যে = হরবোলা
ক্ষুদ্র হাঁস = পাতিহাঁস
ক্ষুদ্র শিয়াল = খেঁকশিয়াল
ক্ষুদ্র লেবু = পাতিলেবু
ক্ষুদ্র লতা = লতিকা
ক্ষুদ্র রাজা = রাজড়া
ক্ষুদ্র রথ = রথার্ভক
ক্ষুদ্র প্রলয় = খণ্ডপ্রলয়
ক্ষুদ্র মৃৎপাত্র = ভাঁড়
ক্ষুদ্র চিহ্ন = বিন্দু
ক্ষুদ্র বিন্দু = ফুটকি
ক্ষুদ্র বাগান = বাগিচা
ক্ষুদ্র ফোঁড়া = ফুসকুড়ি
ক্ষুদ্র প্রস্তরখণ্ড = নুড়ি
ক্ষুদ্র নালা = নালি
ক্ষুদ্র নাটক = নাটিকা
ক্ষুদ্র নদী = সারণি
ক্ষুদ্র ঢাক বা ঢাক জাতীয় বাদ্যযন্ত্র = নাকাড়া
ক্ষুদ্র জাতীয় বক = বলাক
ক্ষুদ্র জাতীয় বকের শ্রেণি = বলাকা
ক্ষুদ্র গ্রাম = পল্লি
ক্ষুদ্র গাছ = গাছড়া
ক্ষুদ্র কূপ = পাতকুয়া
ক্ষুদ্রকায় ঘোড়া = টাট্টু
ক্ষুদ্র বা নিচু কাঠের আসন = পিঁড়ি
ক্ষুদ্র অঙ্গ = উপাঙ্গ
হাতের প্রথম আঙুল (বুড়ো আঙুল) = অঙ্গুষ্ঠ
হাতের দ্বিতীয় আঙুল = তর্জনী
হাতের তৃতীয় আঙুল = মধ্যমা